গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া,খুলনা
dumuria.khulna.gov.bd

আগস্ট-২০১৯ খ্রিষ্টাব্দ মাসে অনুষ্ঠিত ডুমুরিয়া, খুলনার আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোছাঃ শাহনাজ বেগম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২২/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ।
সভার সময়	সকাল ১১:০০ টা।
স্থান	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন বাংলাদেশের ডিজিটাল কার্যক্রম গতিশীল রাখার জন্য উপজেলা পর্যায়ে নিয়মিত আইসিটি কমিটির সভা করতে হবে এবং সভা থেকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। এই সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য তিনি কমিটির সকলকে অনুরোধ জানান। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ওয়েবপোর্টাল	উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের একজন কর্মকর্তা ও একজন সহকারীকে ওয়েবপোর্টাল বিষয়ে ০২ দিনের প্রশিক্ষন প্রদান করা হয়েছে মর্মে আলোচনা হয়। সুতরাং সকল সরকারি অফিসের ওয়েবপোর্টাল এবং ইউনিয়নের সকল ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা করা হয়।	সকল সরকারি অফিস ও ইউনিয়নের ওয়েব পোর্টালসমূহ হালনাগাদ রাখতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান সহকারী প্রোগ্রামার (আইসিটি) উদ্যোক্তা (ইউডিসি)

০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	ডুমুরিয়া উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাচ করে শিক্ষার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে আলোচনা হয়। সরকারি বালিকা বিদ্যালয়, ডুমুরিয়া, খুলনার প্রধান শিক্ষক তাদের শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কয়েকটি ল্যাপটপে কাজ করতে সমস্যা হচ্চে বলে উল্লেখ করেন।	১) শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে রুটিন করে বিভিন্ন ব্যাচে শিক্ষার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। ২) সহকারী প্রোগ্রামার (আইসিটি), ডুমুরিয়া, খুলনার সহযোগিতায় সরকারি বালিকা বিদ্যালয়, ডুমুরিয়া, খুলনার শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ত্রুটিযুক্ত ল্যাপটপ ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার (আইসিটি)
০৩	ব্রডব্যান্ড নেটওয়ার্ক	উপজেলা পর্যায়ের অধিকাংশ সরকারি অফিসের স্থাপিত নেটওয়ার্ক সচল আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। উপজেলার ভিডিও কনফারেন্সের নষ্ট ক্যামেরার বিষয়ে আলোচনা করা হয়। সহকারী প্রোগ্রামার (আইসিটি) বলেন ক্যামেরাটি বিসিসি, ঢাকা থেকে রিপ্লেস করা যাবে।	১) সরকারি সকল ডিজিটাল কার্যক্রম গতিশীল রাখার জন্য সর্বদা নেটওয়ার্ক কানেটিভিটি সচল রাখতে হবে। ২) ভিডিও কনফারেন্সের নষ্ট ক্যামেরাটি বিসিসি, ঢাকা থেকে রিপ্লেস করতে হবে।	সহকারী প্রোগ্রামার (আইসিটি)
০৪	ইউডিসি	জনগনের দোড়গোড়ায় সেবা পৌছে দেওয়ার জন্য স্থাপিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) শক্তিশালীকরণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।	১) সাধারন জনগনকে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) থেকে হয়রানিমুক্ত তাৎক্ষণিক সেবা প্রদান করতে হবে । ২) ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) শক্তিশালীকরণের লক্ষে সকল সরকারি অফিসের যে সকল কার্যক্রম ইউডিসি থেকে করা সম্ভব সেগুলো ইউডিসি থেকে সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান ইউপি চেয়ারম্যান, সচিব উদ্যোক্তা (ইউডিসি)
০৫	ই-নথি	ই-নথি কার্যক্রম গতিশীল করার বিষয়ে আলোচনা করা হয়।	১)উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সংশ্লিষ্ট সকলকে অফিস কার্যক্রম অনলাইন নথিতে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। ২) ই-নথির উপরে ০২ প্রশিক্ষণ প্রদাণের সিদ্ধান্ত গ্রহন করা হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার (আইসিটি)

০৬	মাল্টিমিডিয়া ক্লাসরুম	শ্রেণি শিক্ষাকে শিক্ষার্থীর কাছে সহজবোধ্যভাবে উপস্থাপনের জন্য মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চলমান আছে।	১) শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথ ভাবে চলমান রাখতে হবে। ২) মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথ ভাবে চলমান আছে কিনা তাহা নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা
০৭	সদস্য কো-অপ্ট ও সদস্য নির্বাচন	উপজেলা আইসিটি কমিটিতে সদস্য কো-অপ্ট এবং বেসরকারি উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে সদস্য নির্বাচনের বিষয়ে আলোচনা করা হয়।	১) সহকারী প্রোগ্রামার (ব্যানবেইস) কে উপজেলা আইসিটি কমিটির সদস্য করতে হবে। ২) প্রধান শিক্ষক, গুটুদিয়া এ সি জি বি মাধ্যমিক বিদ্যালয়কে কমিটির সদস্য করতে হবে। ৩) অধ্যক্ষ, বান্দা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে কমিটির সদস্য করতে হবে।	উপজেলা আইসিটি কমিটি

মোছাঃ শাহনাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৩০.০০১.১১.০০২.১৯.৭৪৮

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬
২৫ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
৪) ...., ডুমুরিয়া, খুলনা (আইসিটি কমিটির সদস্য)
৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৬) চেয়ারম্যান/উদ্যোক্তা, ...ইউপি, ডুমুরিয়া, খুলনা

মোছাঃ শাহনাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার